



তারিখ: ২১.০৯.২০২৩ খ্রি.

একাদশ শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ:2023-2024)

2023-2024 শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক নোয়াখালী সরকারী কলেজে একাদশ শ্রেণীতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

1/ নোয়াখালী সরকারী কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ২৭/০৯/২০২৩ (বুধবার) খ্রি. তারিখ হতে 05/10/2023 তারিখ (বৃহস্পতিবার) বিকাল 4.00 ঘটিকা পর্যন্ত সম্পূর্ণ অনলাইনে চলবে।

2/ ভর্তি ফি এর বিবরণ:

ক্র.নং	বিভাগ	টাকা (ছাত্র)	টাকা (ছাত্রী)	অনিয়মিত (ছাত্র)	অনিয়মিত (ছাত্রী)
01	বিজ্ঞান	২২২৪	১৯৮৪	২৩২৪	২০৮৪
02	মানবিক	২১২৪	১৮৮৪	২২২৪	১৯৮৪
03	ব্যবসায় শিক্ষা	২১২৪	১৮৮৪	২২২৪	১৯৮৪

3/ শিক্ষাকোটা (EQ) : শুধুমাত্র শিক্ষাকোটায় (EQ) ভর্তির ক্ষেত্রে আগামী 27/09/2023 তারিখ (সকাল 10.00 ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিল পূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে 2% কোটা সংরক্ষিত থাকবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে মহানগর/বিভাগ/জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে মহানগর/ বিভাগ/ জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীকে তার দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

4/ মুক্তিযোদ্ধা কোটা (FQ) : শুধুমাত্র মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ২৭/০৯/২০২৩ তারিখ (সকাল 11.00 ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা (FQ) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি। (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি। (জ) মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রত্যয়ন পত্র।

5/ নোয়াখালী সরকারী কলেজের ভর্তির ওয়েবসাইট (<http://noakhalicollege.eshiksabd.com>) এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি ফরম কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ এ প্রদান করতে হবে। শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- নোয়াখালী সরকারী কলেজের ভর্তির ওয়েবসাইট <http://noakhalicollege.eshiksabd.com> এ গিয়ে নিম্নোক্ত User Name ও Password দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে;
- User Name: ngcstudent Password: ngcstudent দিয়ে Sign In করতে হবে;
- এরপর Admission এ ক্লিক করে Click New Admission এ ক্লিক করতে হবে;
- Select Department এবং Enter SSC Roll (6 Digit) ঘর দুটি পূরণ করে Check for Admission এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে;
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে SAVE বাটন ক্লিক করতে হবে;
- এর পর বিকাশে ভর্তি ফি প্রদান করে Application Form Reprint থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করতে হবে;
- ভর্তি ফরমে অবশ্যই সদ্যতোলা ছবি ব্যবহার করতে হবে। এই ছবি আইডি কার্ড ও রেজিস্ট্রেশন এ ব্যবহার করা হবে;
- ডাউনলোডকৃত ফরম ২ কপি, শিক্ষার্থীর ৪ (চার) কপি ছবি এবং এসএসসি পাসের মূল নম্বর ফর্দ (মার্কশীট) নতুন ক্যাম্পাসে জমা দিতে হবে;
- একই দিন ডাউনলোডকৃত ফরম ১ (এক) কপি এবং অভিভাবকের এক কপি ছবি নোয়াখালী সরকারী কলেজের পুরাতন ক্যাম্পাসে জমা দিয়ে তাৎক্ষণিক Face Marking Device এ কার্যসম্পাদন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ফরম জমা দেয়ার তারিখ ও স্থান:

গ্রুপ	তারিখ	ছাত্র		ছাত্রী	
		ভবন	কক্ষ নং	ভবন	কক্ষ নং
বিজ্ঞান	২৭/০৯/২০২৩	বিজ্ঞান-২	১০১	বিজ্ঞান-২	১০২
ব্যবসায়শিক্ষা	০২/১০/২০২৩	বিজ্ঞান-২	১০১	বিজ্ঞান-২	১০২
মানবিক	০২/১০/২০২৩	বিজ্ঞান-২	১০১	বিজ্ঞান-২	১০২

অধ্যক্ষ

নোয়াখালী সরকারী কলেজ
নোয়াখালী